১৫৬

তারিখ FEB 15 1999
পৃষ্ঠা ১০ কলাম ৮

দৈনিক ইত্তেফাক

# সরকারী ভেটেরিনারি কলেজের শিক্ষা কার্যক্রম উদ্বোধন

চট্টগ্রাম সরকারী ভেটেরিনারি কলেজের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের ৩য় ব্যাচের শিক্ষা কার্যক্রম উদ্বোধন উপলক্ষে কলেজ ক্যাম্পাসে সপ্তাহ-ব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হইয়াছে। এ আয়োজনকে সামনে রাখিয়া গত সোমবার বিভিন্ন সংবাদ-পত্র ও গণমাধ্যমের প্রতিনিধিবৃন্দের সাথে কলেজ কর্তৃপক্ষের এক মত-বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কলেজের অধ্যক্ষ ডঃ নীতিশ চন্দ্র দেবনাথ 'শিক্ষাবর্ষ সমারম্ভ' অনুষ্ঠান মালার বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোকপাত করেন। ইহা ছাড়াও তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে জানান যে, এ কলেজের ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) কোর্সের শিক্ষাপদ্ধতি অত্যন্ত আধুনিক। এখানে শিক্ষা-দান করা হয় সেমিষ্টার পদ্ধতিতে। কলেজটিতে ৯টি একাডেমিক ডিপার্টমেন্ট রহিয়াছে।